



भारत सरकार के आन्तरिक मामलों का विभाग

भारत सरकार के आन्तरिक मामलों का विभाग, दिल्ली

Job Category: Security/Protective Services

Job Source: भारत सरकार

Job Summary

Posted On: 14 Jan 2025

Application Deadline: 12 Feb 2025

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিদ্রোহী অপরাধ দমন ট্রাইব্যুনাল, খুলনা।

নিয়োগ বিজ্ঞপ্তি

জননিরাপত্তা বিদ্রোহী অপরাধ দমন ট্রাইব্যুনাল, খুলনা-এর নিম্নবর্ণিত শূন্যপদে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্তে অগ্রহী ও যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে বর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা হচ্ছে:

ক্রমিক নং	পদের নাম ও বেতনকেল (জাতীয় বেতন স্কেল- ২০১৫) অনুযায়ী	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১.	সেরেস্তা সহকারী কাম নকলনবীপ (গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০	০১টি	(ক) কোন শীকৃত বোর্ড হতে এইচ.এস.সি বা সমমানের পরীক্ষার উত্তীর্ণ হতে হবে। (খ) কম্পিউটার টাইপিং-এ ন্যূনতম গতি প্রতি মিনিটে বাংলা ও ইংরেজিতে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ। প্রার্থীকে Computer Operators aptitude test-এ অবশ্যই উত্তীর্ণ হতে হবে।
২.	অফিস সহায়ক (এম.এল.এস.এস) (গ্রেড-২০) ৮২৫০-২০০১০	০১টি	(ক) কোন শীকৃত বোর্ড হতে এস.এস.সি বা সমমানের পরীক্ষার উত্তীর্ণ হতে হবে।

শর্তাবলী

- সকল প্রার্থীকে সরকারি নির্দিষ্ট আবেদন ফরম ও প্রবেশপত্র (সরকার কর্তৃক নির্ধারিত আবেদন ফরম না হলে দরখাস্ত ত্রুটিপূর্ণ বলে বিবেচিত হবে) সহজে পূরণপূর্বক নিম্নস্বাক্ষরকারীর বরাবর আগামী ১২/০২/২০২৫ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরকারি ডাকঘরযোগে পৌঁছাতে হবে। খামের উপরিভাগে পদের নাম এবং নিজ জেলা লিখতে হবে। আবেদন ফরম <https://forms.portal.gov.bd> ওয়েবসাইট থেকে সংগ্রহ করা যাবে।
- পূরণকৃত আবেদন ফরমের সাথে (ক) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি ও (খ) প্রবেশপত্র প্রেরণের জন্য প্রার্থীর নিজ নামসহ পূর্ণাঙ্গ ঠিকানা এবং ১০/- টাকার অব্যবহৃত ডাকটিকিট সংলগ্ন (৯.৫" x ৪.৫") সাইজের একটি ফেরত খাম দাখিল করতে হবে।
- পূরণকৃত আবেদন ফরমের সাথে ছবি ও ফেরত খামসহ শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা প্রমাণের যাবতীয় মূল/সাময়িক সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, নাগরিক সনদপত্র ও ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের জন্য যে শিক্ষাগত যোগ্যতা চাওয়া হয়েছে, কোন প্রার্থী আবেদনপত্র দাখিল করার পূর্বে চাহিত শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা অর্জন করে থাকলে তা দাখিলকৃত আবেদনপত্রে উল্লেখ করতে হবে, অন্যথায় নিয়োগ প্রাপ্তির পর অতিরিক্ত সনদপত্র গ্রহণযোগ্য হবে না। মৌখিক পরীক্ষার সময় মূল কাগজপত্র সাথে আনতে হবে।
- ১২/০২/২০২৫ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- চাকরিরত/বিভাগীয় প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বিধি মোতাবেক আবেদন করতে হবে।
- সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ সকল বিধিবিধান অনুসরণ করা হবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধিবিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধিবিধানে কোন সংশোধন/পরিবর্তন সাধিত হলে তা অনুসরণ করা হবে।
- যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, স্থান ও সময় প্রবেশপত্রের মাধ্যমে জানিয়ে দেয়া হবে। লিখিত পরীক্ষার ফলাফল, মৌখিক/ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময় অত্র ট্রাইব্যুনালের নোটিশ বোর্ডে নোটিশের মাধ্যমে জানানো হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।
- ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা বাড়াণো কিংবা কমানোর এবং কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই এই বিজ্ঞপ্তি আংশিক কিংবা সম্পূর্ণরূপে বাতিল কিংবা স্থগিত করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- যে কোন তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- প্রবেশপত্রের নমুনাঃ-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	
জননিরাপত্তা বিদ্রোহী অপরাধ দমন ট্রাইব্যুনাল, খুলনা।	
প্রবেশপত্র	
(প্রার্থী কর্তৃক পূরণ করতে হবে।)	
পদের নাম :-	
আবেদনকারীর নাম :-	
পিতার নাম :-	
গ্রামঃ-	ডাকঘরঃ-
থানা/উপজেলাঃ-	জেলাঃ-
মোবাইল নং-	

এক কপি ছবি
আঠা দিয়ে
লাগাতে হবে।

(মোঃ জুয়েল রানা)
চেয়ারম্যান
নিয়োগ/বাহাই কমিটি
ও

বিচারক (সিনিয়র জেলা ও দায়রা জজ)
জননিরাপত্তা বিদ্রোহী অপরাধ দমন ট্রাইব্যুনাল, খুলনা।